

পাসের হারে দেশসেরা সিলেট বোর্ড

পাসের হার ৮৫.৩৭

রেজুলেশন আহ্বান, সিলেট থেকে

সিলেট শিফা বোর্ড এবারের এইচএসসি পরীক্ষায় পাসের হারে দেশ সেরা হয়েছে। বুধবার প্রকাশিত ফলাফলে সারাদেশের পাসের হার শতকরা ৭৪ দশমিক ৬৭। সিলেট বোর্ডের পাসের হার শতকরা ৮৫ দশমিক ৩৭। ২ বছর আগে ২০১০ সালেও পাসের হারে দেশ সেরা ছিল সিলেট বোর্ড। সেবার পাসের হার ছিল শতকরা ৭৬ দশমিক ১২। বোর্ডের এ ফলাফল তাদের অসীমের সব রেকর্ড ছাড়িয়ে গেছে। বৃষ্টি পেয়েছে পাসের হার ও জিপিএ-৫ লাভ। বোর্ডের এবারের পাসের হার গত বছরের চেয়ে ৯ দশমিক ৬৯ ভাগ বেশি। এবার জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ৬৫টি। যা গত বছরের চেয়ে ১ হাজার ১৭৮টি বেশি। এবার বোর্ডে মোট পরীক্ষার্থী ছিল ৩৭ হাজার ৭৬৮ জন। এর মধ্যে অংশগ্রহণ করে ৩৭ হাজার ৩৭২ জন। উত্তীর্ণ হয়েছে ৩১ হাজার ৯০০ জন। উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে হার ১৫ হাজার ১৮ জন এবং ছাত্রী ১৬ হাজার ৮৮৫ জন। বিভাগ ভিত্তিক বোর্ডে টানা সপ্তমবারের মতো সর্বোচ্চ ভালো করেছে ব্যবসা শিফা বিভাগের শিক্ষার্থীরা। তাদের পাসের হার শতকরা ৯১ দশমিক ৭০ ভাগ। যা গত বছরের চেয়ে ৬ দশমিক ০৮ ভাগ বেশি। গত বছর এই বিভাগে বোর্ডের পাসের হার ছিল ৮৫ দশমিক ৬২ ভাগ। বিজ্ঞান বিভাগে এবার পাসের হার ৮৪ দশমিক ৮০। যা গতবারের চেয়ে ৪ দশমিক ৬৪ ভাগ বেশি। মানবিক বিভাগে এবার পাসের হার ৮০ দশমিক ৫৩ ভাগ।